জরুরী গাইড
অপ্রতিদ্বন্দ্বী পাক্ষিক ফ্রি শিটার
০৭ / ৬০৩ aamaarshahor.com
মালদা ১৯ আষাঢ়, ১৪৩৩ শনিবার, ৪ জুলাই, ২০২৬ ২৪ বর্ষ ০৭ তম সংখ্যা বিনামূল্যে বিতরণের জন্য
বিজ্ঞাপন বিভাগ ঃ 9233 44 45 46

পাথর ছাড়াই প্রতিকার সম্ভব
জগদম্বা জ্যোতিষ কেন্দ্র
মালদা # 9332056956

চাকরিতে মহিলাদের ৩৩ শতাংশ সংরক্ষণ

একটি যুগান্তকারী পদক্ষেপ

বাজেটে মাননীয় অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত রাজ্য সরকারি চাকরিতে মহিলাদের ৩৩ শতাংশ সংরক্ষণের কথা ঘোষণা করেছেন। যার সুফল পাবে রাজ্যের হাজার হাজার পরিবার। ঘটবে আর্থসামাজিক বিকাশও।

রাজ্যের সরকারি দপ্তরগুলিতে মোট এক লক্ষ শূন্যপদে নিয়োগের ঘোষণার পাশাপাশি মহিলাদের ক্ষমতায়ন ও নারী সুরক্ষায় বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। চাকরিতে মহিলাদের ৩৩ শতাংশ সংরক্ষণ সমাজ ও অর্থনীতিতে নারীদের অবস্থানকে আমুল বদলে দেওয়ার এক শক্তিশালী হাতিয়ার হতে চলেছে। এই যুগান্তকারী সিদ্ধান্তের গুরুত্বগুলি আলোচনা করা হলো।

অর্থনৈতিক স্বাধীনতা

নারীর ক্ষমতায়নের মূল ভিত্তি হলো অর্থনৈতিক স্বাধীনতা! সরকারি চাকরি নারীদের স্থায়ী আয় ও আর্থিক নিরাপত্তা প্রদান করে, যার ফলে তাঁরা পরিবার ও সমাজে পুরুষদের ওপর নির্ভরশীলতা কাটিয়ে আত্মনির্ভর হয়ে উঠতে সক্ষম হবেন।

সিদ্ধান্ত গ্রহণে স্বাধীনতা

নারীরা যখন প্রশাসনিক ও নীতি নির্ধারণী পদে (যেমন- শিক্ষকতা, পুলিশ, প্রশাসনিক পরিষেবা) যুক্ত হন, তখন তাঁরা সমাজের দৃষ্টিভঙ্গি ও সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াকে সরাসরি প্রভাবিত করতে পারেন। পরিবারে এবং কর্মক্ষেত্রে তাঁদের সিদ্ধান্তকে আরও সম্মান এবং গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হয়।

সামাজিক নিরাপত্তা

পুলিশ এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীতে নারীদের উপস্থিতি বৃদ্ধি পেলে তা নারী সংক্রান্ত অপরাধ দমনে অত্যন্ত কার্যকর ভূমিকা পালন করে। ভুক্তভোগী মহিলারা অনেক ক্ষেত্রেই পুরুষ পুলিশ-কর্মীদের তুলনায় মহিলা পুলিশকর্মীদের কাছে নিজেদের সমস্যার কথা আরও স্বাচ্ছন্দ্যে প্রকাশ করতে পারেন, যা ন্যায়বিচার পাওয়ার পথকে আরও সহজ করে।

নারী শিক্ষার প্রতি উৎসাহ

সরকারি চাকরিতে এই বিশাল সংরক্ষণের ফলে অভিভাবকরা কন্যা সন্তানদের উচ্চশিক্ষিত করে প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য প্রস্তুত করতে আরও বেশি আগ্রহী হবেন। এর ফলে রাজ্যে নারী শিক্ষার হার বৃদ্ধি পাবে, বন্ধ হবে বাল্যবিবাহ এবং অল্প বয়সে মেয়েদের পড়াশোনা বন্ধ হওয়ার মতো সামাজিক সমস্যা।

লিঙ্গবৈষম্য দূরীকরণ

অনেক ক্ষেত্রেই বেসরকারি ক্ষেত্রের তুলনায় সরকারি কর্মক্ষেত্র নারীদের জন্য বেশি সুরক্ষিত ও সুবিধাজনক (যেমন মাতৃত্বকালীন ছুটি ও অন্যান্য সামাজিক সুরক্ষাবলয়)। এই সংরক্ষণ কর্মক্ষেত্রে বিদ্যমান লিঙ্গ বৈষম্য দূর করতে এবং নারীদের জন্য একটি সমতাভিত্তিক পরিবেশ তৈরি করতে সাহায্য করবে।

নারীদের নেতৃত্বে উন্নয়ন

মহিলাদের কর্মসংস্থান বৃদ্ধি পেলে তার সরাসরি প্রভাব পড়ে পরিবারের স্বাস্থ্য, পুষ্টি ও শিশুদের শিক্ষার ওপর। অর্থনৈতিকভাবে সক্ষম একজন নারী তাঁর সন্তানের ও পরিবারের ভবিষ্যতের জন্য সঠিক সিদ্ধান্ত নিতে পারেন, যা দীর্ঘমেয়াদে একটি উন্নত ও শিক্ষিত সমাজ গঠনে সাহায্য করে। এই ৩৩ সংরক্ষণের সিদ্ধান্ত ও মহিলাদের অন্যান্য সুযোগ সুবিধা এই সিদ্ধান্তটিকে আরও বাস্তবসম্মত ও কার্যকর করে তুলেছে। নতুন নিয়োগগুলিতে (যেমন ২০ হাজার পুলিশ ও ৫০ হাজার শিক্ষক পদে আসন্ন নিয়োগ প্রক্রিয়ায়) যথাযথ প্রস্তুতি নেওয়া অত্যন্ত জরুরি। উপরিউক্ত সুবিধাগুলি পেতে মহিলারা নিচের নিয়মগুলি মেনে চলুন।

নিয়োগ বিজ্ঞপ্তিতে নজর

রাজ্য সরকারের তরফে শিক্ষকতা, পুলিশ বিভাগ এবং অন্যান্য প্রশাসনিক পদে এক লক্ষ শূন্যপদ পূরণের বিজ্ঞপ্তি প্রকাশিত হতে চলেছে। নিয়োগ বিজ্ঞপ্তিগুলির দিকে সতর্ক নজর রাখুন ও ঠিক সময়ে আবেদন করুন।

যোগ্যতা অনুযায়ী প্রস্তুতি

এই সুযোগের পুরোপুরি সদ্ব্যবহার করতে আপনার শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী প্রস্তুতি (যেমন, WBPSC–WBSSC বা WBP পরীক্ষার সিলেবাস) এখন থেকেই শুরু করে দিন। সরকারি চাকরি পরীক্ষার প্রশিক্ষণ দেয় এমন নামী, অভিজ্ঞ প্রতিষ্ঠানের গাইডেন্স আপনাকে দ্রুত সাফল্য পেতে সাহায্য করবে।

বয়সের ছাড়ের সুবিধা নিন

বয়সের ঊর্ধসীমার ক্ষেত্রে বর্তমানে অতিরিক্ত ৫ বছরের ছাড় দেওয়া হয়েছে। সুতরাং আপনি নির্দিষ্ট বয়সসীমা পেরিয়ে গেলেও আবেদনের সুযোগ পাবেন।

উভয় আসনেই লড়ুন

কোনও চাকরিতে মহিলাদের জন্য সংরক্ষিত আসনের পাশাপাশি মহিলারা জেনারেল ক্যাটেগরির শূন্য পদেও আবেদন করতে পারেন। তাতে বাধা নেই।

তথ্য সহায়তা এ ইউ লার্নিং সেন্টার, এই সময়।

বাংলা | English | হিন্দী সংবাদপত্রে
নামের বানান সংশোধন
এবং অন্যান্য বিজ্ঞাপন ছাপতে আসুন
মাস মিডিয়া # 9233 44 45 46
শুধু প্রচার করে না, প্রসার ঘটায়
এফিডেভিট কপির ছবি তুলে হোয়াটসঅ্যাপ করুন

দৈনিক সংবাদপত্রে শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন দিলেই
একই বয়ান ওয়েবসাইটে
বিনামূল্যে POST করার সুযোগ পান
আপনিও এই সুযোগ পাচ্ছেন তো?
Call / Wapp : 9233 44 45 46
*নির্বাচিত কলমগুলিতে এই অফার প্রযোজ্য।

স্বাস্থ্য পরিষেবার

‘বিশ্বকর্মা’

হতে পারেন বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং নিয়ে পড়ে

বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ব্যাচেলর অফ টেকনোলজি (বিটেক) ডিগ্রি এমন একটি সুযোগ প্রদান করে যেখানে ছাত্রছাত্রীরা প্রযুক্তির মাধ্যমে স্বাস্থ্য পরিষেবাকে উন্নত করতে পারে, উদ্ভাবনী ক্ষমতার মাধ্যমে নানা সমস্যার সমাধান করতে পারে।

✪ শিক্ষাগত যোগ্যতা ছাত্রছাত্রীদের ১০+২ স্তরে (উচ্চ মাধ্যমিক) পদার্থবিদ্যা, রসায়ন এবং গণিত (পিসিএম) বিষয় নিয়ে উত্তীর্ণ হতে হবে। কিছু প্রতিষ্ঠান জীববিদ্যা বা বায়োলজিকেও গুরুত্ব দেয়। সাধারণত ১০+২ পরীক্ষায় ৫০-৬০% নম্বর থাকা আবশ্যক।

সিলেবাস

বায়োকেমিক্যাল সিস্টেম

চিকিৎসা সরঞ্জাম, স্বাস্থ্যসেবা প্রযুক্তির মৌলিক বিষয়গুলির উপর পরিচিতি।

✪ বায়োমেটেরিয়াল এবং বায়োমেকানিক্স চিকিৎসা যন্ত্রের জন্য ব্যবহৃত উপাদান এবং মানব দেহের টিস্যু, জয়েন্ট ও অঙ্গের যান্ত্রিক দিকগুলির অধ্যয়ন।

✪ মেডিক্যাল ইমেজিং রোগ নির্ণয় এবং চিকিৎসায় এমআরআই, সিটি স্ক্যান, আল্ট্রাসাউন্ডের মতো উন্নত চিত্রায়ন কৌশলগুলির ব্যবহার।

✪ বায়োইনফরমেটিক্স জীববিদ্যা এবং স্বাস্থ্যসেবায় তথ্য প্রযুক্তি প্রয়োগ, স্বাস্থ্য সম্পর্কিত তথ্যের ব্যবস্থাপনা এবং স্বাস্থ্য পর্যবেক্ষণ ব্যবস্থার উন্নয়ন।

✪ ইন্সট্রুমেন্টেশন পেসমেকার, ইসিজি, এবং ইইজি মেশিনের মতো চিকিৎসা যন্ত্রে ব্যবহৃত ইলেকট্রনিক সার্কিট এবং যন্ত্রপাতি বোঝা।

✪ টিস্যু ইঞ্জিনিয়ারিং কৃত্রিম টিস্যু এবং অঙ্গের বিকাশ নিয়ে পড়া।

স্বাস্থ্যসেবা ব্যবস্থাপনা স্বাস্থ্যসেবা ব্যবস্থা, হাসপাতাল ব্যবস্থাপনা, বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং নিয়ে অধ্যয়ন।

উচ্চশিক্ষার সুযোগ

এমটেক বায়োমেডিক্যাল

ইঞ্জিনিয়ারিং হলো দু’’বছরের স্নাতকোত্তর কোর্স যেখানে চিকিৎসা রোবটিক্স, কৃত্রিম অঙ্গ বা নিউরো ইঞ্জিনিয়ারিংয়ের মতো ক্ষেত্রে বিশেষজ্ঞ হওয়া যায়।

✪ এমএস বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে মার্কিন যুক্তরাষ্ট্র বা ইউরোপের বিশ্ববিদ্যালয়গুলিতে গবেষণার সুযোগ মেলে।

স্বাস্থ্যসেবার প্রশাসনিক ক্ষেত্রে আগ্রহী ব্যক্তিদের জন্য রয়েছে হেলথ কেয়ার ম্যানেজমেন্টে এমবিএ করার সুযোগ। এছাড়াও গবেষণায় আগ্রহীদের জন্য পিএইচডি একটি আদর্শ বিকল্প।

কেরিয়ার

বিটেক উত্তীর্ণদের কাজের বিপুল সুযোগ রয়েছে স্বাস্থ্যসেবা, ফার্মাসিউটিক্যাল, গবেষণা, প্রযুক্তি উন্নয়নের মতো বিভিন্ন ক্ষেত্রে।

মেডিক্যাল ইকুইপমেন্ট ডিজাইনার পেসমেকার, প্রস্থেটিক্স, ডায়াগনস্টিক যন্ত্রের মতো চিকিৎসা সরঞ্জাম ডিজাইন এবং উন্নতি করা।

✪ হেলথকেয়ার সফটওয়্যার ডেভেলপার টেলিমেডিসিন এবং স্বাস্থ্য পরিচালন ব্যবস্থার উন্নয়নের সঙ্গে সফটওয়্যার ডেভেলপমেন্ট একটি দ্রুত বর্ধনশীল ক্ষেত্র।

✪ ক্লিনিক্যাল ইঞ্জিনিয়ার হাসপাতাল এবং স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে চিকিৎসা যন্ত্র এবং সিস্টেমগুলির সঠিক কার্যকারিতা নিশ্চিত করা।

✪ বায়োটেক, ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রির পেশাদার ওষুধ সরবরাহ ব্যবস্থা, ডায়াগনস্টিক এবং বায়োলজিক্সের উপর গবেষণা।

✪ টিস্যু ইঞ্জিনিয়ারিং এবং রিজেনারেটিভ মেডিসিন কৃত্রিম অঙ্গ এবং পুনর্খনন চিকিৎসা পদ্ধতির বিকাশে কাজ।

✪ হেলথকেয়ার কনসালট্যান্ট স্বাস্থ্যসেবা সংস্থাগুলিকে নতুন প্রযুক্তি গ্রহণ এবং সংহত করার পরামর্শ প্রদান।

✪ শিক্ষা ও গবেষণা ক্ষেত্র পরবর্তী প্রজন্মের বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারদের প্রশিক্ষণ সংক্রান্ত অ্যাম্পের ইন্টারফেস ডিজাইন ও অপ্টিমাইজ করা।

তথ্য সহায়তা ড. তীর্থ মজুমদার, অধ্যাপক, ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং।

পশ্চিমবঙ্গে বর্তমানে বৈধ ৬৬ টি আদি (Original) OBC শ্রেণীর সম্পূর্ণ তালিকা

২০২৪ সালের কলকাতা হাইকোর্টের রায় এবং পরবর্তী ২০২৬ সালের পশ্চিমবঙ্গ সরকারের বিজ্ঞপ্তি অনুযায়ী, ২০২০ সালের পূর্বে রাজ্যে স্বীকৃত মোট ৬৬ টি আদি (Original) OBC শ্রেণী বর্তমানে বৈধ। এই ৬৬ টি শ্রেণীর জন্য 7% সংরক্ষণ বহাল রয়েছে।

বৈধ ৬৬ টি আদি OBC শ্রেণীর তালিকা

1. Kapali
2. Baishya Kapali
3. Kurmi
4. Sutradhar
5. Karmakar
6. Kumbhakar
7. Swarnakar
8. Teli, Kolu
9. Napit
10. Yogi, Nath
11. Goala, Gope (Pallav Gope, Ballab Gope, Yadav Gope, Gope, Ahir and Yadav)
12. Moira (Halwai), Modak (Halwai)
13. Barujibi
14. Satchasi
15. Malakar
16. Jolah (Ansari-Momin)
17. Kansari
18. Tanti, Tantubaya
19. Dhanuk
20. Shankakar
21. Keori/Koiri
22. Raju
23. Nagar
24. Karani
25. Sarak
26. Tamboli/Tamali
27. Kosta/Kostha
28. Roniwar/Rauniyar
29. Scheduled Castes converts to Christianity and their progeny
30. Lakhera/Laahera
31. Fakir, Sain
32. Kahar
33. Betkar (Bentkar)
34. Chitrakar
35. Bhujel
36. Newar
37. Mangar
38. Nembang
39. Sampang
40. Bungchheng
41. Thami
42. Jogi
43. Dhimal
44. Hawari, Dhobi (other than those included in the list of Scheduled Castes)
45. Bhar
46. Khandait
47. Gangot
48. Turha
49. Dhunia
50. Patidar
51. Kasai
52. Hele / Halia / Chasi-Kaibartta, Das Kaibartta
53. Bansi Barman
54. Nashya-Sekh
55. Pahadia Muslim
56. Khen (Non-Bania category)
57. Sukli
58. Sunuwar
59. Bharbhuja
60. Dewan
61. Rai (including Chamling)
62. Rayeen (Kunjra)
63. Shershabadia
64. Devanga
65. Hajjam (Muslim)
66. Chowduli (Muslim)

সিএসই’’র সঙ্গে পড়ুন

এ.আই., এম.এল. ভবিষ্যৎ এখানেই

ভবিষ্যৎ পৃথিবীতে যে কোনও শিল্প, তা সে গাড়ি হোক বা বাড়ি, স্বাস্থ্যসেবা হোক বা আর্থিক পূর্বাভাস, জামাকাপড়ের ডিজাইন হোক বা প্রিন্টিং-পাবলিশিং সর্বত্র দাপট থাকবে আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স (এ.আই.) ও মেশিন লার্নিং (এম.এল.) -এর। তাই কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের (সি.এস.ই.) সঙ্গে এ.আই., এম.এল.-এর মতো কম্পোনেন্ট থাকা মানে এই কোর্সের পড়ুয়াদের পেশাদারি জগতে চাহিদা এক ধাক্কায় শীর্ষে পৌঁছবে। ভারত এখন সারা বিশ্বে একটি প্রযুক্তির হাব হিসেবে উঠে এসেছে। ফলে এই ক্ষেত্রের দক্ষ পেশাদারদের জন্য সুযোগ আরও প্রসারিত হচ্ছে।

যোগ্যতা

শিক্ষাগত যোগ্যতা পদার্থবিজ্ঞান, রসায়ন এবং গণিতকে মূল বিষয় হিসাবে নিয়ে ক্লাস টুয়েলভ পাশ করতে হবে। বেশিরভাগ প্রতিষ্ঠানে পরীক্ষায় ন্যূনতম ৫০-৬০% সামগ্রিক নম্বর দরকার।

বয়স বেশিরভাগ প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার সময় প্রার্থীর বয়স ন্যূনতম ১৭ বছর হতে হবে।

প্রবেশিকা পরীক্ষা

ভর্তি সাধারণত জাতীয়, রাজ্য বা প্রতিষ্ঠানের প্রবেশিকা পরীক্ষার উপর ভিত্তি করে হয়, যেমন - জে.ই.ই. মেন এবং জে.ই.ই. অ্যাডভান্সড (আইআইটি, এনআইটি এবং ট্রিপল আইটির জন্য)।

রাজ্যস্তরের পরীক্ষা যেমন ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স।

বেসরকারি বিশ্ববিদ্যালয়েরও নানা পরীক্ষা রয়েছে।

সিলেবাস

বিটেক সিএসই প্রোগ্রামটি চার বছরের, আটটি সেমিস্টারে বিভক্ত। এই পাঠক্রমটি তত্ত্বগত জ্ঞান এবং ব্যবহারিক প্রয়োগের সমন্বয়ে তৈরি যা ছাত্রদের শিল্প সংস্থার জন্য প্রস্তুত করে।

কম্পিউটার সায়েন্সের মূল বিষয়সমূহ ডেটা স্ট্রাকচার এবং অ্যালগরিদম, অপারেটিং সিস্টেম, ডেটাবেস ম্যানেজমেন্ট সিস্টেম, কম্পিউটার নেটওয়ার্কস, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং, প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ (C, C++, Python, Java)।

এআই ও এমএল সম্পর্কিত বিষয়সমূহ আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের পরিচিতি, মেশিন লার্নিং অ্যালগরিদম, ডিপ লার্নিং এবং নিউরাল নেটওয়ার্কস, ন্যাচারাল ল্যাঙ্গুয়েজ প্রসেসিং, কম্পিউটার ভিশন, রোবোটিক্স, বিগ ডেটা অ্যানালিটিক্স নিয়ে পড়া।

গণিত এবং পরিসংখ্যান লিনিয়ার অ্যালজেব্রা, সম্ভাবনা এবং পরিসংখ্যান, অপ্টিমাইজেশন টেকনিক, ক্যালকুলাস।

ঐচ্ছিক এবং ইন্টারডিসিপ্লিনারি সাবজেক্টস ইন্টারনেট অফ থিংস (IoT), ক্লাউড কম্পিউটিং, ব্লক চেইন, হিউম্যান-কম্পিউটার ইন্টারঅ্যাকশন।

ব্যবহারিক শিক্ষা ক্যাপস্টোন প্রকল্প ইন্টার্নশিপ, হ্যাকাথন এবং বিভিন্ন কর্মশালা। (এরপর ৩-এর পাতায়)

অন্নপূর্ণা যোজনার সুবিধা নাও পেতে পারেন

মালদা জেলা থেকে সূর্যোদয় ও সূর্যাস্তের সময়সূচী

জুলাই : ২০২৬

তারিখ	সূর্যোদয়	সূর্যাস্ত
04.07.2026	04:52 ↑ (115°)	18:31 ↑ (245°)
05.07.2026	04:52 ↑ (115°)	18:31 ↑ (245°)
06.07.2026	04:53 ↑ (115°)	18:31 ↑ (245°)
07.07.2026	04:53 ↑ (115°)	18:31 ↑ (245°)
08.07.2026	04:53 ↑ (115°)	18:30 ↑ (245°)
09.07.2026	04:54 ↑ (115°)	18:30 ↑ (245°)
10.07.2026	04:54 ↑ (115°)	18:30 ↑ (245°)
11.07.2026	04:55 ↑ (115°)	18:30 ↑ (245°)
12.07.2026	04:55 ↑ (115°)	18:30 ↑ (245°)
13.07.2026	04:56 ↑ (115°)	18:30 ↑ (245°)
14.07.2026	04:56 ↑ (115°)	18:29 ↑ (245°)
15.07.2026	04:56 ↑ (115°)	18:29 ↑ (245°)
16.07.2026	04:57 ↑ (115°)	18:29 ↑ (245°)
17.07.2026	04:57 ↑ (115°)	18:29 ↑ (245°)
18.07.2026	04:58 ↑ (115°)	18:28 ↑ (245°)
19.07.2026	04:58 ↑ (115°)	18:28 ↑ (245°)

যে কোনো দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দিতে 977 5454 577

দেখছি যেমন আরশিতে

অসুখসুখী

বৃষ্টি হলে ভিখিরির মনেও কবিতা আসে–
গরিব-বুকে ঝাপসা হয়ে যায় রোগা অতীত,
বিদ্যুতের তলোয়ার সাজিয়ে মেঘেরা ভাসে–
সিজারশেষে পৃথিবী রসবতী, বীজ পতিত।
ঝুপড়ি থেকে স্বপ্ন সোজা পাড়ি মা-ঠিকানায়,
মেঘমিনারে; বহুতলে থামে না, দাবিবিমুখ–
জলদড়িতে কবিতা ভাঁজ ভাঙে, বেশ মানায়,
রেলিঙও ধরে হতাশ রোদ-চাঁদ, সুখ-অসুখ।

ছেঁড়া চাদরের জানলায়

সুযোগ পেলে দিনেও মানুষ ঘুমোতে চায়,
ঘুমোলেই শ্বাস নিয়ে খেলা করে ভাঙা বুক
অথচ সকাল হলে রাজপথে ছুটে যায়–
রাতঢাকা জামা পরে দায়ভারে গ্রস্ত মুখ।
অভাবী চাদর পেতে বিছানা সেলাই চলে
শিলং বা শেয়ালদা, গাজোল বা গ্যাংটক–
ক্লান্ত দেহ সেঁকা হয় ঠান্ডা উনুনের কোলে,
স্বরভঙ্গ কোকিলের, ফিকে পরিযায়ী বক।

– ড. গৌরাঙ্গদেব ভার্মা

বার্থ সার্টিফিকেট
ড্রাইভিং লাইসেন্স
পাসপোর্ট
এডুকেশনাল সার্টিফিকেট
পলিসি সার্টিফিকেট
রেজিস্ট্রি ডিড
চাকুরী সংক্রান্ত কাগজপত্র
এফিডেফিটের মাধ্যমে নামের বানান সংশোধনের বিজ্ঞপ্তি সংবাদপত্রে ঘোষণা করুন।
পরামর্শ ও সহযোগিতা ঃ মাস মিডিয়া # 9233 44 45 46
সমস্ত সরকারী কাগজপত্রে নামের বানান সঠিক আছে তো?

পাত্র চাই

• SC, 29/5′4′′ Ph.D (রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়), উজ্জ্বল শ্যামবর্ণা পাত্রীর 32 মধ্যে সরকারী চাকুরীজীবি সুপাত্র কাম্য। M - 9734305576. NP-0322

• মালদা নিবাসী কায়স্থ 31/5′4′′ B.Sc., B.Ed., অমাঙ্গলিক, স্থায়ী সরকারী চাকুরে, একমাত্র কন্যার জন্য সঃ চাঃ / সুপ্রতিষ্ঠিত ব্যবসায়ী পাত্র কাম্য। M - 9734902958. NP-0353

• কায়স্থ মিত্র 29+/5′1′′ M.Sc., B.Ed. শিক্ষিকা (Contractual) সেন্ট্রাল স্কুল, সুন্দরী, একমাত্র কন্যা, দেবারি ব্যতিত 35 মধ্যে কায়স্থ / ব্রাহ্মণ, ডাক্তার / ইঞ্জিঃ, কেন্দ্র / রাজ্য স্থায়ী সরকারী কর্মী পাত্র চাই। M - 9474476495. NP-0343

• সাহা 30/5′3′′ শ্যামবর্ণা, O+, 10 Pass, রাষ্ট্রীয় ব্যাংকে গ্রুপ-ডি পদে কর্মরতা পাত্রীর জন্য ইংরেজবাজার বা হবিবপুর ব্লকের মধ্যে সরকারী চাকুরে বা প্রতিষ্ঠিত ব্যবসায়ী পাত্র চাই। M - 9932293896. NP-0312

মালদা নিবাসী আইনজীবী, বৈশ্য 31/5′ পাত্রীর মালদা শহরে কর্মরত সঃ চাকুরে উপযুক্ত সঃ / উচ্চ অসঃ পাত্র কাম্য। M - 98003 78985 / 96413 63604. NP-0325

কায়স্থ লাহা 26+/5′3′′ B.Tech., কর্মরতা, ফর্সা, সুশ্রী পাত্রীর জন্য উপযুক্ত শিক্ষিত, সরকারী চাকুরে পাত্র কাম্য। ঘটক নিষ্প্রয়োজন। M - 97341 82101. HUF-0201

পাত্র চাই

• বিহারী সাহা 35/5′3′′ মাধ্যমিক পাশ, কিছুদিনের ডিভোর্সী পাত্রীর 40 - 45 মধ্যে নিজস্ব ব্যবসা / নিজ বাড়ি সুপাত্র চাই। M - 7479327753. NP-0324

• শর্মা (কর্মকার) মালদা নিবাসী, শাণ্ডিল্য 28+/5′1′′ M.A. পাত্রীর জন্য সঃ চাঃ উপযুক্ত সুপাত্র চাই। M - 9800370527. NP-0310

• মালদা শহর নিবাসী, কর্মকার 28/5′3′′ B.A., D.El.Ed., প্রাইভেট স্কুলে চাকুরে, প্রকৃত ফর্সা, সুন্দরী পাত্রীর জন্য সঃ চাকুরে / প্রতিষ্ঠিত ব্যবসায়ী, নেশাহীন পাত্র কাম্য। M - 9932057739. NP-0262

• চাঁই মন্ডল 27+/5′ B.A. (Eng.), B.Ed., M.Ed., SLST 2, IX - X qualified, সুশ্রী, ফর্সা পাত্রীর জন্য উপযুক্ত সুদর্শন পাত্র কাম্য। ঘটক নিষ্প্রয়োজন। যোগাযোগ - 93326 05982. HUF-0234

কর্মকার 28/5′3′′ উঃ শ্যামবর্ণা, একমাত্র কন্যা স্থায়ী নার্স পদে কর্মরতা। দাবীহীন প্রতিষ্ঠিত উপযুক্ত পাত্র চাই। M - 98325 35785. NP-0323

মন্ডল 27/5′2′′ H.S., স্বাস্থ্য বিভাগে ইংরেজবাজার ব্লকে কর্মরত (CHO), ফর্সা, স্লিম, একমাত্র সন্তান পাত্রীর জন্য সরকারী চাকুরে, মালদা শহরের উপযুক্ত পাত্র অগ্রগণ্য। M - 62976 51504. NP-0347

পাত্রী চাই

• ব্রাহ্মণ, ভরদ্বাজ গোত্র 34/5′5′′ স্নাতক, ব্যবসায়ী পাত্রের সুশ্রী / ঘরোয়া পাত্রী চাই। M - 6297477782. NP-0319

• কায়স্থ 36/5′7′′ সরকারী ICDS অফিসে স্থায়ী পদে কর্মরত। একমাত্র পুত্রের জন্য সুশ্রী পাত্রী চাই। M - 9475904476. NP-0336

• ঘোষ 40+/5′6′′ B.A., সঃ চাকুরে (স্থায়ী) পাত্রের জন্য 30 - 35 মধ্যে সুশ্রী, ন্যূনতম স্নাতক, ঘরোয়া / চাকুরে, সঃ / উচ্চ অসঃ পাত্রী কাম্য। M - 9933877422. NP-0354

• ব্রাহ্মণ 44/5′7′′ M.Tech., MBA, Ph.D, LLM (PHD), ইঞ্জিনিয়ারিং-এর উপর শিক্ষকতা করেন, সুদর্শন, ডিভোর্সী। মালদা শহরের মধ্যে উপযুক্ত পাত্রী চাই। M - 8918413359. HUF-0238

• মালদা 29/5′9′′ রাঃ সঃ চাঃ Group - B। সুন্দরী, স্লিম, ন্যূনতম 25/5′3′′ চাকুরীজীবি পাত্রী কাম্য। ঘটক নিষ্প্রয়োজন। M - 99320 57739. NP-0248

• চৌধুরী 29/5′9′′ M.Sc., সরকারী চাকুরে পাত্রের জন্য ফর্সা, সুন্দরী, ঘরোয়া, অনূর্দ্ধা 24 পাত্রী কাম্য। দালাল নিষ্প্রয়োজন। M - 7098434344 / 8001810242. NP-0280

কায়স্থ দাস 31/5′9′′ M.A. & D.El.Ed., ব্যবসা। শিক্ষিতা, ফর্সা, ঘরোয়া, অনূর্দ্ধা 26 পাত্রী কাম্য। M - 98007 40999 / 89187 32078. NP-0344

• বৈশ্য সাহা 35+/5′7′′ B.Tech. (Comp. Sc.) রেল দপ্তরে Tech. Gr.-D পদে (বর্তমানে অফিসে Comp.-এ কর্মরত)। মা-বাবা রাজ্য সরকারের Pensioner। শিক্ষিতা, সুশ্রী, গৌরবর্ণা, 28 - 31 মধ্যে চাকুরীরতা অগ্রগণ্যা। M - 94753 09781. NP-0301

• বারুজীবী (দত্ত) 31+/5′3′′ B.Tech., ব্যাঙ্গালোরে কর্মরত পাত্রের জন্য 25 - 28 মধ্যে সুন্দরী, ঘরোয়া, সবর্ণ / অসবর্ণ পাত্রী চাই। M - 9475094087. NP-0273

কায়স্থ 35+/5′7′′ M.A. (Eng.), মেডিক্যাল রিপ্রেজেনটেটিভ (এরিয়া ম্যানেজার) কর্মরত পাত্রের জন্য 28 মধ্যে শিক্ষিতা, সুশ্রী, ঘরোয়া / চাকুরীরতা পাত্রী কাম্য। M - 97349 00165. NP-0269

টিউশন / কোচিং

• Home Tuition for CBSE. Class - VI to VIII (Science) / IX to XII (Biology). M - 9821848405. NP-0351

• পদস্থ ইঞ্জিনিয়ার বাড়িতে গিয়ে VII - X (সমস্ত বোর্ড) ছাত্র-ছাত্রীদের চাহিদা মতো অঙ্কের CHAPTERS বোঝাচ্ছেন SLOT বুকিং-এর মাধ্যমে (বৃহঃ / শুক্র)। Pal Sir - 9932239094. NP-0297

ভাড়া / লীজ

• সেন্ট মেরি স্কুলের কাছে নজরুল বাগে ছোট গাড়ি (উচ্চতা 5′) / টোটো / মোটর সাইকেল রাখার / গুদাম হিসাবে ভাড়া দেওয়া হবে। M - 8670909603. NP-0306

2 BHK SEMI FURNISHED FLAT NEAR PANTALOONS (KANIR MORE) FOR RENT, MOBILE - 97751 40119. HUF-0247

দক্ষিণ সিঙ্গাতলায় গ্লো নার্সিং হোমের বিপরীতে কমার্শিয়াল কমপ্লেক্স-এ অফিস স্পেস (গ্রাউন্ড ফ্লোরে 1200 বর্গফুট, ফার্স্ট ফ্লোরে 1600 বর্গফুট, থার্ড ফ্লোরে 1600 বর্গফুট) ভাড়া দেওয়া হবে। ডাক্তার চেম্বার, ডায়াগনস্টিক সেন্টার, ব্যাংক, এটিএম, মেডিসিন শপ-এর জন্য আদর্শ। আগ্রহী ব্যক্তিরা যোগাযোগ করুন। M - 97491 54795 / 90022 23583. Agent-1881

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

কোনও বিজ্ঞাপন সূত্র ধরে বিজ্ঞাপন দাতার সঙ্গে যোগাযোগ করার আগে পাঠকদের যথাযথ খোঁজ খবর নিতে বলা হচ্ছে। বিজ্ঞাপন দাতাদের কোনও দাবী ও বক্তব্য বিষয়ে এই বিজ্ঞাপন ক্রোড়পত্র (ফ্রী শিটার) কোনও নিশ্চয়তা বা দায়িত্ব বহন করে না। এই ঘোষণা ভারত সরকারের স্পেশাল ক্রাইম ব্রাঞ্চের নির্দেশ অনুযায়ী ছাপা হচ্ছে।

— সম্পাদক / প্রকাশক।

ক্রয়

হবিবপুর / বামনগোলাতে কাঁচা / মোরাম রাস্তার পাড়ে চাষযোগ্য জমি কিনতে চাই। মালিক যোগাযোগ করুন। M - 86704 32226. NP-0341

বিক্রয়

• সিঙ্গাতলা বাসন্তী এপার্টমেন্টে 4th ফ্লোর দক্ষিণ-পশ্চিম-এ রাস্তা আলো বাতাস যুক্ত 1065 sq.ft. ফ্ল্যাট / মায়াপুর ধামে অতি সুন্দর 865 sq.ft. ফ্ল্যাট বিক্রি আছে। প্রকৃত গ্রাহক যোগাযোগ করুন। M - 7479170011 (10 A.M.-12 P.M. / 9 P.M.-10 P.M.). NP-0327

বিবেকানন্দপল্লীতে 3 কাঠা জায়গার উপর মার্বেল টাইলস বসানো 3 তলা বাড়ি শীঘ্র বিক্রয়। M - 79084 86607. NP-0356

মালদা 420 মোড়ের কাছে বিবেকানন্দপল্লীতে দুর্গা মন্ডপের কাছে 4 কাঠা জমি সহ বাড়ি বিক্রয় আছে। প্রকৃত ক্রেতা যোগাযোগ করুন। M - 98746 16456 / 97330 12628. NP-0330

ফ্ল্যাট বুকিং চলছে

অভিরামপুর 2nd লেন, বাঁধ রোড সংলগ্ন J.M.C. ক্লাব-এর রাস্তায় **“HINDOL” Apartment**-এ মধ্যবিত্তের ধরাছোঁয়ার মধ্যে **B+G+6 Multi Storied Residential Building**-এ
2 BHK 750 - 850 স্কোয়ারফিট,
3 BHK 1050 - 1150 স্কোয়ারফিট,
4 BHK 1700 - 2000 স্কোয়ারফিট
ফ্ল্যাট-এর বুকিং শুরু হয়েছে। সত্বর যোগাযোগ করুন।
Car Parking Available in Basement.
WBRERA Approved.
RERA Registration No. - **WBRERA/P/MAL/2025/002401.**
Website : **www.rera.wb.gov.in**
Mobile No.
97341 02876 / 96478 01310

কর্মখালি

• রিসেপশনিস্ট ও ঔষধের দোকানে কাজের জন্য ছেলে ও মেয়ে চাই। রায় হেলথ কেয়ার, মকদুমপুর। M - 9434744291. NP-0352

• মালদাতে নিজ চেম্বারে কম্পিউটার জানা (22y - 28y) মধ্যে ছেলে চাই। (11 A.M. - 3 P.M.), মাসিক Rs. 5500/-, M - 94342 19397. NP-0340

ব্র্যান্ডেড ইলেকট্রনিক্স প্রোডাক্ট-এর ডিস্ট্রিবিউটরের অফিসে একাউন্টেন্ট এবং সার্ভিস ম্যানেজার পদে উপযুক্ত অভিজ্ঞতাসম্পন্ন / দক্ষ পুরুষ / মহিলা কর্মী প্রয়োজন। মালদা শহরে ব্যাঙ্ক কলোনী, ধীরেন্দ্রনাথ সাহা বিদ্যা ভবনের কাছে। M - 81700 24173. NP-0329

A leading Outdoor Advertising Company is hiring a male candidate for Marketing. Client servicing and Outdoor activities management. Minimum qualification Graduate. Salary Negotiable. Apply by contacting - 86534 44413. NP-0350

কর্মখালি

কর্মখালি

VACANCY
JOIN OUR TEAM
HONDA
Walk in Interview

PARTS MANAGER
- Graduate
- Good knowledge of Parts & Spare Parts.
- Experience in inventory & team management.
- Proficiency in MS Excel.
- 3 - 4 years of experience preferred.

SERVICE MANAGER
- Graduate / Diploma in Automobile Engineering.
- Experience in Workshop & Service Centre Management.
- Good knowledge of service operations.
- Proficiency in Advance Excel & PPT.
- 4 - 5 years of experience preferred.

MARKETING EXECUTIVE
- Higher Secondary (12th Pass) or Graduate.
- Proficiency in MS Excel, MS Word & Email.
- Basic knowledge of stock / inventory management.
- Basic knowledge of spare parts (automobile showroom preferred).
- Honest, responsible & able to work in a team.

DATA ENTRY OPERATOR (D.E.O)
- Higher Secondary (12th Pass) or Graduate.
- Good knowledge of MS Excel, MS Word.
- 3-4 years of experience in data entry preferred.
- Good typing speed (accuracy is must).
- Honest, responsible & detail oriented.

TELE CALLER
- Min. Graduate, Min. 3-5 yrs. experience.
- Knowledge in Hindi, English.

PARTS EXECUTIVE
- Higher Secondary (12th Pass) or Graduate.
- Basic knowledge of spare parts.
- Basic knowledge of stock & inventory management.
- Proficiency in MS Excel, MS Word.
- 1-2 years of experience preferred.

WORKSHOP TECHNICIAN
- Minimum educational qualification: 10th Pass.
- Good technical skills are essential.

PARTS PICKER
- 12th Pass.
- Basic knowledge of spare parts.
- Basic computer knowledge.

INTERESTED CANDIDATES CAN CONTACT
9734134866 | ea2@mehihonda.com
Mehi Honda : Malda
• EXCITING CAREER OPPORTUNITIES AWAIT YOU! •

জ্যোতিষ চর্চা

জয় মা
কলিকাতার প্রখ্যাত জ্যোতির্বিদ
ডঃ অশোক শাস্ত্রী
দক্ষিণা মাত্র ১১০২/-
— উপস্থিত থাকছেন —
প্রতি রবি, সোম, মঙ্গল ও বুধবার
জুবলী রোড, উত্তর বালুচর, মালদা
ফোন : (০৩৫১২) ২৫৭৪৩৪
মো : ৯৫৪৭৮ ১৬৩৩৩

জ্যোতিষ চর্চা

জ্যোতিষ চর্চা

জ্যোতিষী (Astrologer)
তাপস কুমার ব্যানার্জী
M.A.R.P. (Kol)
দক্ষিণ সিঙ্গাতলা, মালদা টাউন হাইস্কুলের মেইন গেটের ডান দিকে
Mobile : 98320 78468 / 92326 71649

বিবাহযোগ্য পাত্র-পাত্রীর অভিভাবকের কাছে আবেদন —

আপনাদের বিবাহযোগ্য ছেলে-মেয়েদের তথ্য (পূর্ণাঙ্গ প্রোফাইল) জনপ্রিয় ওয়েবসাইট **www.khonj.live**-এ বিনামূল্যে আপলোড করে রাখুন। এতে আপনাদের অতিরিক্ত খোঁজখবর পেতে সুবিধা হবে। শুধু তাই নয়, প্রোফাইলের লিঙ্ক যে কাউকে এমনকি সোস্যাল মিডিয়াতেও শেয়ার করতে পারবেন। এই পরিষেবায় প্রতিমাসে শতাধিক পরিবার উপকৃত ও সন্তুষ্ট। নিচের তথ্যগুলি যতটা সম্ভব পূরণ করে পাঠান। যতো বেশী তথ্য দিতে পারবেন, ততো বেশী রেসপন্স পাবেন।

ব্যক্তিগত তথ্য

প্রার্থীর (পাত্র / পাত্রীর) নাম* –	অন্যান্য যোগ্যতা –
লিঙ্গ (পুরুষ / মহিলা) –	বর্তমানে বৈবাহিক স্থিতি –
হোয়াটসঅ্যাপ বা কলিং নম্বর* –	অবিবাহিত / ডিভোর্সী / বিপত্নীক /
ই-মেইল আইডি –	বিধবা / ডিভোর্সের জন্য অপেক্ষারত –
জন্মতারিখ (DOB) –	(যে কোন একটি অপশন বাছুন)
শিক্ষাগত যোগ্যতা –	ঠিকানা (বাসস্থান) –
উচ্চতা –	চেহারার সংক্ষিপ্ত বিবরণ –
ব্লাড গ্রুপ –	শখ –
রাশি –	খাদ্যাভাস –
মাঙ্গলিক / অমাঙ্গলিক –	(আমিষাশী / নিরামিষাশী) –
জাতি –	পিতা-মাতার কততম সন্তান
গোত্র –	(প্রথম / দ্বিতীয় / তৃতীয়) – একমাত্র
ধর্ম –	সাম্প্রতিক ছবি (ন্যূনতম
ওজন –	১ টি / সর্বাধিক ৩ টি) পাঠান –

পেশাগত তথ্য

কর্মস্থল (ঠিকানা) –	শিক্ষাগত / কারিগরী যোগ্যতা –
আয়ের উৎস –	পিতামাতা / পরিবার সংক্রান্ত
(চাকুরী (স্থায়ী / চুক্তিবদ্ধ) / ব্যবসা /	সংক্ষিপ্ত বিবরণ –
প্রফেশনাল / স্থায়ী সম্পত্তি বা আমানত	অন্যান্য বিষয়ে মন্তব্য
/ ঘরোয়া / অন্য কিছু)	(যদি জানাতে চান) –
পদ –	কেমন পাত্র বা পাত্রী খুঁজছেন
বার্ষিক আয় –	তা সংক্ষেপে লিখুন –

(পাত্র / পাত্রীর নাম, বাসস্থানের ঠিকানা, ছবি বা (স্টার) চিহ্নিত প্রশ্নের তথ্য যদি প্রকাশ করতে না চান সেক্ষেত্রে জানাতে হবে।

তবে তথ্যগুলি আমাদের রেকর্ডের জন্য অবশ্যই পাঠাতে হবে।

প্রত্যেক আবেদনের সাথে ফটো আইডি
(যেমন - আধার, প্যান / পাসপোর্ট / ভোটার কার্ড) ও ন্যূনতম এক কপি ছবি পাঠানো বাধ্যতামূলক। স্ব-অভিভাবক পাত্র / পাত্রীরাও আবেদন করতে পারেন।

Only WhatsApp to **9233 44 45 46**
(11 A.M. to 7 P.M., except holiday).
Visit : khonj.in

ক্লাসিফায়েড এবং
ডিসপ্লে-ক্লাসিফায়েড বিজ্ঞাপন
একসাথে ২ বারের জন্য বুক করলে
তৃতীয়বার **প্রকাশিত হবে বিনামূল্যে।**
WApp - 9233 44 45 46

পরবর্তী
জরুরী গাইড
সার্কুলেশন আনলিমিটেড
বিতরিত হবে
20 জুলাই, 2026,
সোমবার।
বিজ্ঞাপন জমা দেওয়ার শেষ তারিখ
15 জুলাই, 2026,
বুধবার,
সন্ধ্যা **7** টার মধ্যে।

গ্রামের
শিক্ষিতা ও নম্র
পাত্রী চাই?
নাকি
শহরের
স্মার্ট ও ভালো রোজগেরে
পাত্র চাই?
ন্যূনতম **300** টাকায়
গাইডে বিজ্ঞাপন দিন।
ফোন - **9233 44 45 46**

জরুরী গাইড
সার্কুলেশন আনলিমিটেড
বিনামূল্যে বিতরণ কেন্দ্র
অনলাইনে পড়ুন - aamaarshahor.com

✤ **রথবাড়ী (অডিটোরিয়াম)**, নিউ মডেল বুক ডিপো - **98514 87741** ✤ **কবি সুকান্ত মোড়**, রূপা ব্যান্ড বক্স - **99324 81754** ✤ **এন.বি.এস. টি.সি. ডিপো সংলগ্ন**, চক্রবর্তী পেপার সাপ্লায়ার - **99339 93660** ✤ **রাজ হোটেল মোড়**, মডেল বুক ডিপো - **94342 31832** ✤ **অতুল মার্কেট**, মা তারা ম্যাগাজিন - **77979 19580** ✤ **রামকৃষ্ণপল্লী, এসবিআই-এর কাছে**, সাইবার ফিভার - **89263 09911** ✤ **ফুলবাড়ি, এম. কে. রোড**, স্মার্ট নেট - **94346 81146** ✤ **মকদুমপুর, রথঘর-এর বিপরীতে**, মাস মিডিয়া - **9732155526** ✤ **আইহো বাস স্ট্যান্ড**, গীতা পুস্তকালয় - **94744 75342.**

আপনি কি জানতেন?

সিদ্ধ চালের ভাত এবং আতপ চালের ভাতের মধ্যে বর্তমানে কোনটি খাওয়া বেশি স্বাস্থ্যসম্মত?

সংক্ষেপে বললে, সাধারণ মানুষের জন্য সিদ্ধ চালের (দ্বখন্তন্নদ্রনত্রত্ম হত্বত্র) ভাত আতপ চালের ভাতের তুলনায় কিছুটা বেশি স্বাস্থ্যসম্মত।

কারণগুলো হল —

১. পুষ্টিগুণ

ধান সিদ্ধ করার সময় খোসার নিচের অংশে থাকা অনেক ভিটামিন বি, খনিজ ও কিছু অ্যান্টিঅক্সিড্যান্ট চালের দানার ভেতরে চলে আসে। ফলে মিলিংয়ের পরেও সিদ্ধ চালে এসব পুষ্টি তুলনামূলক বেশি থাকে।

২. রক্তে শর্করার প্রভাব

সাধারণভাবে সিদ্ধ চালের গ্লাইসেমিক ইনডেক্স (ওজ্জ) আতপ চালের তুলনায় কম হতে পারে। তাই এটি রক্তে শর্করা তুলনামূলক ধীরে বাড়ায়। তবে চালের জাত, রান্নার পদ্ধতি ও ভাতের তাপমাত্রার ওপরও এটি নির্ভর করে।

৩. হজম

আতপ চালের ভাত সাধারণত একটু তাড়াতাড়ি হজম হয়। সিদ্ধ চালের ভাত কিছুটা ধীরে হজম হয়, ফলে অনেকের ক্ষেত্রে পেট ভরা অনুভূতি বেশি সময় থাকে।

৪. স্বাদ ও গঠন

এটি সম্পূর্ণ ব্যক্তিগত পছন্দের বিষয়। কেউ আতপ চালের সুগন্ধ ও নরম ভাব পছন্দ করেন, আবার কেউ সিদ্ধ চালের দানা আলাদা থাকা পছন্দ করেন।

ডায়াবেটিস থাকলে?

যাঁদের ডায়াবেটিস বা প্রিডায়াবেটিস আছে, তাঁদের জন্য সিদ্ধ চাল সাধারণত তুলনামূলক ভালো বিকল্প। তবে সবচেয়ে গুরুত্বপূর্ণ হল ভাতের পরিমাণ নিয়ন্ত্রণ এবং ভাতের সঙ্গে ডাল, শাকসবজি, মাছ, ডিম বা অন্যান্য প্রোটিন খাওয়া।

বর্তমান বৈজ্ঞানিক মতামত

এখনকার পুষ্টিবিজ্ঞান অনুযায়ী, যদি সাদা আতপ চাল এবং সাদা সিদ্ধ চাল-এর মধ্যে বেছে নিতে হয়, তাহলে সিদ্ধ চালই সামান্য এগিয়ে। আর যদি বিকল্প হিসেবে লাল চাল বা ব্রাউন রাইস খাওয়া সম্ভব হয়, তবে সেগুলো সাধারণত এই দুইটির চেয়েও বেশি আঁশ ও পুষ্টিগুণসমৃদ্ধ।

সারকথা

ব্রাউন/লাল চাল সিদ্ধ চাল আতপ চাল (স্বাস্থ্যগত দিক থেকে, সাধারণভাবে)। তবে শেষ পর্যন্ত সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল মোট খাদ্যাভ্যাস, ভাতের পরিমাণ এবং শারীরিক সক্রিয়তা।

রেট কার্ড পেতে অন-লাইনে লগ্ অন করুন - **aamaarshahor.com**/projector
অর্ডার করুন massmedia.malda@gmail.com এই ঠিকানায়।
Per shift upto 3 hours
Available on Rent # 9233 44 45 46

স্বত্ত্বাধিকারী অর্ণব কুমার দে কর্তৃক ক্যুইক সার্ভিস, ১১ / ১৯ জি. কে. লেন, মকদমপুর, মালদা ৭৩২১০৩ হইতে প্রকাশিত ও মুদ্রিত। সম্পাদক ঃ অর্ণব কুমার দে। মুদ্রণ সহায়তা ঃ সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লি, কলকাতা। নির্বাচিত বিতরণ কেন্দ্রগুলি থেকে বিনামূল্যে বিতরণের জন্য। **M :** 977 5454 577

জরুরী গাইডে
রঙিন ডিসপ্লে বিজ্ঞাপন
প্রকাশের ক্ষেত্রে
৩০ দিন আগে বুকিং করলেই
ন্যূনতম ৫০% ছাড়।
বিশদে জানুন — 9233 44 45 46
এখন হ্যান্ডবিল ছাপালেই ঠকবেন।

সিএসই''র সঙ্গে

(প্রথম পাতার পর)

উচ্চশিক্ষার সুযোগ

এমটেক বা এমএস ইন আর্টিফি-শিয়াল ইন্টেলিজেন্স অ্যান্ড মেশিন লার্নিং কোর্স করতে পারেন। এছাড়াও রয়েছে এমবিএ করার সুযোগ।

টেকনোলজি ম্যানেজমেন্টে এমবিএ পযুক্তিগত জ্ঞান ও পরিচালন দক্ষতা একত্রিত করে প্রযুক্তি-চালিত সংস্থা-গুলিতে নেতৃত্ব প্রদান করা। যাঁরা ম্যানেজারিয়াল ভূমিকা পছন্দ করেন, তাঁদের জন্য টেকনোলজি ম্যানেজমেন্ট বা সংশ্লিষ্ট ক্ষেত্রে এমবিএ একটি জনপ্রিয় বিকল্প। CAT, GMAT বা XAT পরীক্ষার মাধ্যমে ভর্তি হতে হয়।

এআই বা এমএল-এ পিএইচডি এই ডক্টরাল প্রোগ্রাম পড়ুয়াদের এ ক্ষেত্রে অত্যাধুনিক গবেষণা এবং অ্যাকাডেমিক উন্নয়নের সুযোগ দেয়। যাঁরা গবেষণায় আগ্রহী তাঁরা পিএইচডি করতে পারেন।

আন্তর্জাতিক সার্টিফিকেশন গুগলের টেন্সরফ্লো ডেভেলপার সার্টিফিকেট, এডব্লিউএস, মেশিন লার্নিং সার্টিফিকেশন বা মাইক্রোসফ "এআই ইঞ্জিনিয়ারের মতো সার্টিফিকেশন পাওয়া, বহুজাতিক সংস্থায় ভালো চাকরি পাওয়ার সম্ভাবনাকে বাড়িয়ে তুলতে পারে। ডেটা অ্যানালিটিক্স, ক্লাউড কম্পিউটিং বা এথিক্যাল হ্যাকিং-এর মতো স্বল্পমেয়াদি সার্টিফিকেশনগুলি চাকরির বাজারে অত্যন্ত মূল্যবান।

কেরিয়ারের সুযোগ

মেশিন লার্নিং ইঞ্জিনিয়ার জটিল সমস্যার সমাধানে এমএল মডেল ডিজাইন করা।

এআই স্পেশালিস্ট ভয়েস রেকগনিশন, চ্যাটবট এবং প্রেডিকটিভ অ্যানালিটিক্সের মতো অ্যাপ্লিকেশনের জন্য অ্যাডভান্সড সিস্টেম তৈরি করা।

ডেটা সায়েন্টিস্ট বড় ডেটাসেট বিশ্লেষণ করে কার্যকর অর্থ বের করা এবং সেই অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ করা।

সফটওয়্যার ডেভেলপার এআই এবং এমএলের কার্যকারিতা সমন্বিত সফটওয়্যারের মাধ্যমে নানা সমস্যার উপযুক্ত সমাধান তৈরি করা।

রিসার্চ সায়েন্টিস্ট উন্নত গবেষণা পরিচালনা করে এআই, এমএল অ্যালগরিদম উদ্ভাবন করা এবং গাণিতিক হিসেবের উন্নতি করা।

বিজনেস অ্যানালিস্ট এআই টুলগুলি ব্যবহার করে প্রযুক্তিগত দল এবং ব্যবসায়িক উদ্দেশ্যের মধ্যে সেতুবন্ধন তৈরি করা।

প্রধান নিয়োগকারী সংস্থা গুগল, মাইক্রোসফট, অ্যামাজন, ইনফোসিস, টিসিএস এবং উইপ্রোর মতো শীর্ষ কোম্পানিগুলি নিয়মিতভাবে বিটেক, সিএসই স্নাতকদের নিয়োগ করে।

স্টার্টআপ এবং মাঝারি সংস্থাগুলিতেও আকর্ষণীয় সুযোগ রয়েছে। সিএসই স্নাতকরা আইটি এবং সফটওয়্যার, পণ্য উন্নয়ন, ইকমার্স, ব্যাঙ্কিং, ফিনান্স, স্বয়ংক্রিয় যন্ত্র, মহাকাশ, ফিনটেক, স্বাস্থ্যসেবা এবং প্রতিরক্ষা- সহ বিভিন্ন ক্ষেত্রে কাজ করতে পারেন। বর্তমানে, ডিজিটাল অর্থনীতি ও লেনদেন দ্রুত সম্প্রসারিত হওয়ার সঙ্গে সঙ্গে সিএসই''তে কাজের সুযোগ আরও বাড়ছে।

গড় বেতন

